(৩৪০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

বিষয়: **সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নভেম্বর ২০১৭'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ জিল্লার রহমান, সচিব,** সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৬ নভেম্বর ২০১৭, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **অক্টোবর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | **অক্টোবর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন/ সংযোজন না থাকায় **অক্টোবর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম। |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদানকৃত নির্দেশনার অগ্রগতি পর্যালোচনা; | ক. মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শনকালে যে সমস্ত নির্দেশনা প্রদান করেছেন তার আলোকে **অক্টোবর**-২০১৭ মাসের অগ্রগতি প্রতিবেদন যথারীতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | ক. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), সকম ও সংস্থা প্রধানগণ এবং উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), সকম। |
| | | খ.'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম'এর সম্ভাব্যতা পর্যবেক্ষণের জন্য এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে একটি প্রতিনিধি দল নভেম্বর-২০১৭ মাসের প্রথম সপ্তাহে ভৈরব উপজেলার শিবপুর ইউনিয়নের ছনছড়া গ্রাম সরেজমিনে পরিদর্শন করেন।উক্ত পরিদর্শনকালে ভৈরব উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং ছনছড়া গ্রামের অধিবাসীগণ উপস্থিত ছিলেন। উপস্থিত সকলের গুরুত্বপূর্ণ মতামতের ভিত্তিতে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে এ মন্ত্রণালয় হতে শীঘ্রই কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে আলোচনা হয়। | খ.'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম'এর বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (কার্যক্রম), সহকারী সচিব, সকম। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে।মন্ত্রণালয়ের নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। কর্মকর্তা কর্মচারীদের | মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল করার জন্য নথি | অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বৃদ্ধির বিষয়টি প্রক্রিয়াধীন আছে।২২ নভেম্বর ২০১৭ পর্যন্ত ডাক গ্রহণ ১৯৭৬টি, অনিষ্পন্ন ডাক ৪৯১টি, নিষ্পন্ন ডাক ১৪৮৫টি, পত্র জারী ৩১০টি, স্ব উদ্যোগে নোট ৩৮৪টি, ডাক থেকে সৃজিত নোট ১৪৭টি। অক্টোবর মাসে সমাজকল্যাণ মন্ত্রণালয় এর অবস্থান ২২ তম এবং নভেম্বর মাসে ৩৯ তম হওয়ায় সভাপতি মহোদয় ক্ষোভ প্রকাশ করেন। ই-ফাইলিং কার্যক্রম গতিশীল করার জন্য নথি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে আইডি নম্বর দেয়া হবে এবং ইন্টারনেটের গতি ৪০ এমবিপিএস এস স্থলে মাত্র ১৫ এমবিপিএস পাওয়া যাওয়ায় বিটিআরসি এর নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে মর্মে আলোচনা হয়। । | দেয়া হবে এবং ইন্টারনেটের গতি ৪০ এমবিপিএস নিশ্চিত করার জন্য বিটিআরসি কে পত্র দিতে হবে। এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনার ২০১৬-২০১৭ এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে । শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের নিমিত্ত বাছাই কমিটির সভা মাননীয় সচিব মহোদয় এর সভাপতিত্বে গত ১৫/১১/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br><br>১/ মন্ত্রণালয়ের উইং প্রধানগণ নিজ উইং থেকে প্রত্যেক ক্যাটাগরিতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য ২ জনের নাম প্রস্তাব করবেন যা পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br><br>২/ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ 'শুদ্ধচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুসরণ করে কমিটি গঠনপূর্বক শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গহণ করবে।<br><br>৩/সভাপতি মহোদয়ের সুবিধাজনক তারিখ ও সময়ে পরবর্তী সবা করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হবে। | ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সকম। |
| | | খ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে "দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তার প্রেক্ষিতে সমন্বয় পরিষদ" সংক্রান্ত কর্মশালার সুপারিশ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে আলোচনা হয়। | খ.এ বিষয়ে অগ্রগতি মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |
| | | গ. শিশু বিধি প্রণয়ন করে ভেটিং এর জন্য গত ০৯.০৯.২০১৫ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তী কার্যক্রমের জন্য অপেক্ষাধীন রয়েছে।নথিটি বর্তমানে মাননীয় মন্ত্রীর নিকট | গ. শিশু বিধি প্রণয়ণ, কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়ণ, পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়ণ, প্রবেশন | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্থা প্রধানগণ ও উপসচিব (আইন, ও সংস্থা রেজি: |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আছে মর্মে জানা গেছে।<br><br>কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া যায়নি। আটবার তাগিদ পত্র দেয়া হয়েছে।<br><br>পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া যায়নি। আটবার তাগিদ পত্র দেয়া হয়েছে।<br><br>দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ রহিত করে নতুন আইন প্রণয়নের নিমিত্ত আইনের খসড়ার উপর স্টেকহোল্ডারদের মতামত পাওয়া গেছে।প্রাপ্ত মতামতের সমন্বিত প্রতিবেদন তৈরী করে সহসাই আন্তঃ মন্ত্রণালয় সভা আহবান করা হবে।<br><br>স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৭ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য/সংগতি বিধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২২.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি প্রস্তুত করে সর্বসাধারনের মতামতের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েভসাইটে আপলোড করা হয়েছে। মতামত প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য বিধানের লক্ষে গঠিত আন্তঃ মন্ত্রণালয় কমিটি বরাবর প্রেরণ করা হয়।মন্ত্রিপরিষদ বিভাগের আইন শাখা হতে খসড়াটি বাংলা ভাষা বস্তবায়ন কোষের মতামত গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হয়।সে প্রেক্ষিতে আইনের খসড়াটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়। | অব অফেন্ডারস্ অধ্যাদেশ, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি এবং পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়ন করে অতিসত্ত্বর মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক সমাজসেবা অধিদফতর কে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | |
| | | ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর ১৪টি বেসরকারি সংস্থার নিকট থেকে মতামত পাওয়া গেছে। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে আবেদনের প্রেক্ষিতে সময় বৃদ্ধি করা হয়েছিল।তাদের সুপারিশের প্রেক্ষিতে জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া প্রণয়ন করা হয়েছে। | ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া অতিশীঘ্র ,মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম। |
| | | ঙ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে ০৯/১০/২০১৭ তারিখে ১৯২ নং স্বারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছ। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা | ঙ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ তৈরীর কাজ ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে শেষ করতে হবে।জানুয়ারি | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হবে।জানুয়ারি ২০১৮ মাসে এ বিষয়ে সংবাদ সম্মেলন করে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা হবে। | সম্মেলন করে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা হবে। | |
| ৫. | সমাজসেবা অধিদফতর | **১ম শ্রেণির পদ: সমাজসেবা অধিদফতরের পরিচালকের অনুমোদিত পদ ১১টি। বর্তমানে পরিচালকের কোন পদ শূন্য নেই।**<br><br>**সমাজসেবা অধিদফতরের অতিরিক্ত পরিচালকের অনুমোদিত পদ ০৯(নয়)টি। বর্তমানের অতিরিক্ত পরিচালকের শূন্য পদ ০৩(তিন) টি যা চলতি দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করার ব্যবস্থা নেয়া হয়েছে।**<br><br>**সমাজসেবা অধিদফতরের** উপপরিচালকের অনুমোদিত পদ ৯৫(পঁচানব্বই) টি। বর্তমানে শূন্য পদ ১৫(পনের) টি যা অতিসত্ত্বর পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।<br><br>* **সমাজসেবা অধিদফতরের সহকারী পরিচালকের** অনুমোদিত মোট পদ ১২০টি। বর্তমানের সহকারী পরিচালকের ১০(দশ) টি পদ শূন্য রয়েছে। যা পদোন্নতির মাধ্যমে অতিসত্ত্বর পূরণ করা হবে।<br><br>* সমাজসেবা অফিসার/সমমানের অনুমোদিত মোট পদ ৯৩৬টি। বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ১৫৩টি। ১৫৩টি পদের মধ্যে ২০% পদোন্নতি ও ১০% সংরক্ষণের বিধানমতে ৪৬টি পদ সংরক্ষণ করা হয়েছে। অবশিষ্ট পদের প্রার্থী নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে।<br><br>**২য় শ্রেণির পদ: দ্বিতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ৪৫৫টি। বর্তমানে শূন্য পদ ২৮৪ টি।**<br>২৮৪টি পদের মধ্যে ২১৩ টি সহকারী সমাজসেবা অফিসারের নিয়োগবিধি সংশোধনের কাজ প্রক্রিয়াধীন আছে।অবশিষ্ট ২৮৪-২১৩=৭১টি পদের মধ্যে ৫১ টি পদ ৩৬তম বিসিএস থেকে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৭১-৫১=২০ টি পদের মধ্যে ০৯ জনের পদোন্নতির বিষয়ে পিএসসির চাহিত তথ্য পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২০-৯=১১ টি পদের মধ্যে০৬ (ছয়) টি পদের পদোন্নতির সুপারিশ পাওয়া গেছে।অবশিষ্ট ০৫ (পাচ) টি পদ তাদের এসিআর ত্রুটি বিচ্যুটি সংশোধন পূর্বক প্রেরণের জন্য পিএসসি হতে বলা হয়েছে।<br><br>**৩য় শ্রেণি: তৃতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ৬৩৯৫টি। বর্তমানে শূন্য পদ ৯৯৫টি।**<br><br>ফিল্ড সুপার ভাইজার পদে ১৯ জন এবং সহকারী শিক্ষক পদে ২২ জনসহ মোট ৪১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরীর ৮৪টি পদে নিয়োগের লক্ষ্যে ১৩/১০/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। বর্তমানে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। অবশিষ্ট পদগুলো সরকারি বিধি-বিধান অনুযায়ী সরাসরি ও পদোন্নতি পন্থায় নিয়োগ প্রদান করা হবে।<br><br>**৪র্থ শ্রেণি: চতুর্থ শ্রেণির মোট অনুমোদিত পদ ৪২০৯টি। বর্তমানে শূন্য পদ ৭৩৯টি।** | সমাজসেবা অধিদফতরের পরিচালক, অতিরিক্ত পরিচালক,উপপরিচালক,সহকারী পরিচালক,১ম শ্রেণি ও ২য় শ্রেণির শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রাখতে হবে এবং বিভিন্ন ক্যাটাগরির মোট পদ, শূন্যপদের বিবরণ (কারণসহ), পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি বিস্তারিতভাবে আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>**৩য় ও ৪র্থ শ্রেণি**<br>সমাজসেবা অধিদফতরের ৩য় ও ৪র্থ শ্রেণির মোট পদ, শূন্যপদ ও পদোন্নতি ও শূন্যপদ পূরণের পদক্ষেপ নিতে হবে এবং হালনাগাদ তথ্যাদি ক্যাটাগরি ভিত্তিক বিস্তারিত বিবরণ আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর অতিরিক্ত সচিব (প্রশাসন) , সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), সকম।<br><br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভিন্ন ক্যাটাগরীর ২২২টি পদে নিয়োগের লক্ষ্যে ১৩/১০/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। যার ফলাফল ১২/১১/২০১৭ তারিখে প্রকাশ করা হয়েছে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা নেয়া শুরু হয়েছে। অবশিষ্ট পদগুলো সরকারি বিধি-বিধান অনুযায়ী সরাসরি ও পদোন্নতি পন্থায় নিয়োগ প্রদান করা হবে। | | |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে বহুতল বিশিষ্ট (১৫তলা) ''সমাজকল্যাণ ভবন'' নির্মাণের প্রাথমিক নকশা প্রণয়ণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।নকশা প্রণয়ণের কাজ সম্পন্ন হলে প্রধান প্রকৌশলী, গণপুর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা হতে সংগ্রহ করা হবে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে ''সমাজকল্যাণ ভবন'' নিমার্ণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |
| ৭. | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষা করে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ মন্ত্রনালয় হতে আর কোন নির্দেশনা পাওয়া যায়নি মর্মে আলোচনা হয়। | এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন। |
| ৮. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করার বিষয়ে বিস্তারিত কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে। | এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। |
| ৯. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণের কার্যক্রম চলমান রয়েছে। ময়মনসিংহ ও খুলনা বিভাগে বিপণনের পাইলট কার্যক্রম চলছে। অন্যান্য বিভাগে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। একইসাথে মৈত্রী শিল্পের ক্রমবর্ধমান উৎপাদন বৃদ্ধির সাথে বিপণন কার্যক্রম জোরদারের লক্ষ্যে তারকাদের সমন্বয়ে বিজ্ঞাপন তৈরির বিষয়ে গত ২২/০৮/২০১৭ তারিখের ৮১তম বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক বিজ্ঞাপন প্রচার করার কাজ প্রক্রিয়াধীন আছে। | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণ এবং তারকাদের সমন্বয়ে বিজ্ঞাপন প্রচারের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক (উপসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প। |
| ১০. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমা করণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশনের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ ছাড়া বিভিন্ন বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। ৫টি বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে আলোচনা হয়েছে। তাদের নিকট থেকে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের পলিসি বিষয়ক প্রস্তাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার বিষয়ে অগ্রগতি তদারকির জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে দায়িত্ব প্রদান করা হয়। একইসাথে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| ১১. | **বিবিধ**<br><br>ক. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক; | ক. অক্টোবর ২০১৭ পর্যন্ত সমাজকল্যান মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ৯৯৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যাতে জড়িত অর্থের পরিমাণ ৯৭,৬২,০৯,৫৫৭/- টাকা।<br><br>**সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অক্টোবর ২০১৭ মাসে ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। এই ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি | মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ | সংস্থা প্রধান ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হবে।<br><br>**সমাজসেবা অধিদফতর:** সমাজসেবা অধিদফতরে অক্টোবর ২০১৭ পর্যন্ত ৯২৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। আগস্ট-২০১৭ মাসে রংপুর জেলার সাধারন অনুচ্ছেদের ২০(বিশ)টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে ।<br><br>**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন অক্টোবর-২০১৭ পর্যন্ত ৩৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভা আহ্বানের লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>অক্টোবর-২০১৭ মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি।জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করা হয়েছে। | | |
| | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অক্টোবর-২০১৭ মাসের মাসিক প্রতিবেদন স্মারক নং-৪৭৬ তারিখঃ ০৫/১১/২০১৭ যোগে মাহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),উপসচিব (কর্মসূচি-১), সকম। |
| | গ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত; | গ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের জন্য ১০টি জেলার জেলা প্রশাসকগণকে দু একর জমি অধিগ্রহণের জন্য অধিদফতরের স্মারক নং- ৬০ তারিখ: ২২-৩-২০১৭ যোগে পত্র প্রেরণ করা হয়েছে। | গ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের বিষয়ে অগ্রগতি প্রতিবেদন আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম); উপসচিব (কর্মসূচি-১) |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্মারক: ৪১.০০.০০০০.০৩৩.০৬.০২৯.১৬.৪০৬

২২ অগ্রহায়ণ ১৪২৪
০৬ ডিসেম্বর ২০১৭

**বিতরণ: সদয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/প্রশাসন/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।
৫. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপেমন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর (১০ম তলা), আগারগাঁও, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রতিবন্ধীতা/বাজেট) সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
১০. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৩/প্রশাসন-৫ অধিশাখা//আইন ও সংস্থা অধিশাখা/আইন ও সংস্থা অধিশাখা/প্রতিবন্ধিতা বিষয়ক শাখা/প্রতিষ্ঠান অধিশাখা/প্রকাশনা গবেষণা ও মূল্যায়ন/কার্যক্রম/এনডিসি ও অটিজম অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপপ্রধান (পরিকল্পনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক,বিভাগীয় কার্যালয় (ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ) সমাজসেবা অধিদফতর।
১৩.সহকারী সচিব (প্র.-১/৩/কর্মসূচি-১/অডিট), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮.প্রোগামার,**(তাকে অক্টোবর ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**,সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*** সংশিম্লষ্ট সকলকে ১৪ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**


জি.এম. আকর্কাচ হোসেন
উপসচিব (প্রশাসন-৩ শাখা)
ফোন: ৯৫১৫৫৩৪
E-mail: parliament_mosw@yahoo.com


**জ্ঞাতার্থে**

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।